



## ইন্টারনেট সেবা পুনরায় চালুতে আদালতের স্থগিতাদেশ



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র-ইরান সংঘাতের প্রেক্ষাপটে দেশজুড়ে আরোপিত কঠোর ইন্টারনেট সীমাবদ্ধতা শিথিলের সরকারি উদ্যোগে বাধা দিয়েছে ইরানের বিচার বিভাগ। প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের নির্দেশে ইন্টারনেট সেবা পুনরায় চালুর যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, আদালতের আদেশে তা স্থগিত করা হয়েছে। মঙ্গলবার (২৬ মে) ইরানের বিচার বিভাগের সংবাদমাধ্যম ‘মিজান অনলাইন’ জানায়, দেশের সাইবার ব্যবস্থাপনা তদারকিতে গঠিত বিশেষ সরকারি কমিটির বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ ওঠার পর উচ্চ আদালত এ সিদ্ধান্ত দেয়। অভিযোগগুলোর তদন্ত শেষ না হওয়া পর্যন্ত ইন্টারনেট চালুর প্রক্রিয়া বন্ধ থাকবে বলেও জানানো হয়েছে। এর আগে সোমবার (২৫ মে) প্রেসিডেন্ট পেজেশকিয়ানের বিশেষ নির্দেশনার পর সংশ্লিষ্ট কমিটি সীমিতভাবে হলেও দেশব্যাপী ইন্টারনেট সেবা স্বাভাবিক করার সিদ্ধান্ত নেয়। সরকারি মুখপাত্র ফাতেমেহ মোহাজেরানি স্থানীয় গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছিলেন। তবে সরকারের সেই পদক্ষেপ কার্যকর হওয়ার আগেই বিচার বিভাগের হস্তক্ষেপে পুরো প্রক্রিয়া আটকে যায়। ফলে ইন্টারনেট ব্যবহার নিয়ে নতুন করে অনিশ্চয়তা তৈরি হয়েছে দেশটিতে।

সম্প্রতি ইরান সাধারণ ইন্টারনেট ব্যবহারে কড়াকড়ি আরোপ করে বিকল্প হিসেবে স্তরভিত্তিক ‘প্রো ইন্টারনেট’ ব্যবস্থা চালু করেছিল। এই ব্যবস্থায় নির্দিষ্ট ব্যবসায়ী ও পেশাজীবীদের বাড়তি অর্থের বিনিময়ে সীমিত আন্তর্জাতিক ইন্টারনেট ব্যবহারের সুযোগ দেওয়া হচ্ছিল।

স্থানীয় গণমাধ্যমের তথ্যমতে, সাধারণ জনগণের জন্য ইন্টারনেট সীমিত থাকলেও বিশেষ অনুমোদন পাওয়া ব্যবহারকারীরা তুলনামূলক বেশি সুবিধা পাচ্ছিলেন। এতে প্রযুক্তিখাত ও সাধারণ ব্যবহারকারীদের মধ্যে ব্যাপক আলোচনা ও সমালোচনার সৃষ্টি হয়।